গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০

পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০.৩৭.০১৫.১৬-২২/১(২৭০) তারিখ: ২৩.১০.২০১৬ খ্রিঃ

বিষয়: ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২) এর আওতায় লিফ মনোনয়নের পদ্ধতি প্রসঙ্গে।

সূত্রঃ এনএটিপি-২ এর পত্র নং-৩৩.০২.০০০০.৯২০.৩৭.০১৫.১৬-২১/১(১৬৩); তারিখ: ১৮.১০.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ পত্রের মাধ্যমে প্রকল্পভূক্ত এলাকার প্রতি ইউনিয়নে ১(এক) জন করে লিফ (LEAF) মনোনয়নের শর্তাবলী প্রেরণ করা হয়েছে। শর্তাবলী পূরণ সাপেক্ষে লিফ মনোনয়নের জন্য নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে।

১. লিফ মনোনয়নের জন্য স্থানীয়ভাবে বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।
২. বিজ্ঞপ্তিতে লিফ মনোনয়নের শর্তাবলী ও লিফ-এর দায়িত্ব উল্লেখ থাকতে হবে।
৩. লিফ-এর দায়িত্ব পালনে আগ্রহী ব্যক্তিদের জ্ঞাতার্থে বিজ্ঞপ্তিটি উপজেলা মৎস্য অফিস, ইউনিয়ন পরিষদ ভবন, উপজেলা কৃষি/প্রাণিসম্পদ দপ্তর এবং অন্যান্য দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।
৪. আগ্রহ প্রদর্শনের জন্য কমপক্ষে ৭(সাত) দিন সময় দিয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।

বিজ্ঞপ্তি প্রকাশের পর প্রাপ্ত আগ্রহী ব্যক্তিদের মধ্য থেকে লিফ মনোনয়নের শর্তাবলী অনুসরণপূর্বক নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ সমন্বয়ে গঠিত কমিটির অনুমোদনের মাধ্যমে লিফ মনোনয়ন চূড়ান্ত করতে হবে।

**লিফ মনোনয়ন কমিটি**

| | | |
|---|---|---|
| ১. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা | আহ্বায়ক |
| ২. | উপজেলা নির্বাহী অফিসারের প্রতিনিধি | সদস্য |
| ৩. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ৪. | সম্প্রসারণ কর্মকর্তা/সহকারী মৎস্য কর্মকর্তা | সদস্য সচিব |

উপরোক্ত নির্দেশনা মোতাবেক লিফ মনোনয়নপূর্বক সূত্রস্থ পত্রে সংযুক্ত ছকে তথ্য প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৩/১০/১৬
(খঃ মাহ্‌বুবুল হক)
পরিচালক
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
ফোন: ০২- ৯৫৬১৬৮৫
ই-মেইল: kmahbubh252@yahoo.com

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা

---------------------------------------------

পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০.৩৭.০১৫.১৬-২২/১(২৭০)/১(৬৮) তারিখ: ২৩.১০.২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. প্রকল্প পরিচালক, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), বিএআরসি চত্বর, ফার্মগেট, ঢাকা।
৩. বিভাগীয় উপ-পরিচালক, মৎস্য অধিদপ্তর, ..........................বিভাগ ..........................।
৪. জেলা মৎস্য কর্মকর্তা, .......................................।
৫. সিস্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (পত্রটি মৎস্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. সংশ্লিষ্ট নথি।

২৩/১০/১৬
(খঃ মাহ্‌বুবুল হক)
পরিচালক
প্রকল্প বাস্তবায়ন ইউনিট

বিজ্ঞপ্তির নমুনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
---------------------------------------------

পত্র নং-

তারিখ:

## স্থানীয় মৎস্য সম্প্রসারণ প্রতিনিধি (LEAF) মনোনয়নের বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)-এর আওতায় -------------- উপজেলাধীন প্রতিটি ইউনিয়নে একজন করে স্থানীয় মৎস্য সম্প্রসারণ প্রতিনিধি (LEAF) মনোনয়ন করা হবে। লিফ মনোনয়নের শর্তাবলী ও লিফের দায়িত্বাবলী নিম্নরূপঃ

### লিফ (LEAF) মনোনয়নের শর্তাবলী ঃ

১. মনোনিত লিফকে (LEAF) সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী অধিবাসী হতে হবে, লিফকে মৎস্যচাষ/পোনা উৎপাদন/মৎস্য খাদ্য ও অন্যান্য উপকরণ ব্যবসায় বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রগতিশীল চাষি বা মৎস্য বিষয়ক ব্যবসায় সুপরিচিত ব্যক্তিকে লিফ হিসেবে মনোনয়ন করা যেতে পারে।

২. মৎস্যচাষে প্রশিক্ষণপ্রাপ্ত চাষিকে লিফ মনোনয়নে অগ্রাধিকার দিতে হবে।

৩. উৎসাহি মৎস্যচাষি এবং মৎস্য সম্পর্কিত ব্যবসায় নিয়োজিত ব্যক্তিকে লিফ মনোনয়নে অগ্রাধিকার দিতে হবে।

৪. পরিশ্রমী, সক্রিয় এবং নেতৃত্ব দানের গুনাবলী সম্পন্ন ব্যক্তিকে লিফ হিসেবে মনোনয়ন প্রদান করতে হবে।

৫. মনোনিত ব্যক্তিকে সংশ্লিষ্ট সকলের বিশেষ করে স্থানীয় মৎস্যচাষিদের নিকট গ্রহণযোগ্য হতে হবে।

৬. মনোনিত ব্যক্তিকে বাংলায় লেখা ও পড়ায় দক্ষ হতে হবে।

৭. মনোনিত লিফ এর বাই-সাইকেল চালানোর আগ্রহী এবং সক্ষমতা থাকতে হবে।

৮. নারী ও পুরুষ উভয়কেই লিফ হিসেবে মনোনয়ন দেওয়া যেতে পারে।

৯. লিফ মনোনয়নের ক্ষেত্রে ক্ষুদ্র ও প্রান্তিক মৎস্যচাষিকে অগ্রাধিকার দিতে হবে।

১০. মনোনিত লিফ-এর বয়স ৩০-৫০ বৎসরের মধ্যে হতে হবে।

১১. কোন প্রকার ছাত্র/ছাত্রীকে লিফ হিসেবে মনোনয়ন দেওয়া যাবে না।

### লিফের দায়িত্ব ঃ

১. মৎস্য সম্পদের উন্নয়নের জন্য স্থায়ীত্বশীল ব্যবস্থাপনার লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা মৎস্য কার্যালয় এবং স্থানীয় মৎস্যচাষ সংশ্লিষ্টদের বিশেষ করে সিআইজি সদস্যগণের মাঝে কার্যকর যোগসূত্র স্থাপন করবেন। ইউনিয়ন এক্সটেনশন মাইক্রো প্লান প্রণয়ন, বাস্তবায়ন, তদারকি ও মূল্যায়নে যথাযথ ভূমিকা পালন করবেন।

২. প্রকল্প কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণসমূহে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে ব্যবস্থাপনা ও কারিগরি জ্ঞানে নিজেকে সমৃদ্ধ করবেন এবং সে মোতাবেক মাঠপর্যায়ে কার্যক্রম বাস্তবায়নের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

৩. প্রকল্প কর্তৃক প্রদত্ত নীতিমালা ও পদ্ধতির আলোকে সিআইজি সদস্যগণের সহযোগিতায় ও সংশ্লিষ্ট মৎস্য দপ্তরের পরামর্শক্রমে ইউনিয়ন এক্সটেনশন মাইক্রো প্লান (মৎস্য) প্রণয়নে উদ্যোগী ও সক্রিয় ভূমিকা পালন করবেন।

৪. লিফগণ ইউনিয়ন পর্যায়ে স্থাপিত FIAC (কৃষকদের জন্য তথ্য ও উপদেশ কেন্দ্র)-এ উপ-সহকারী কৃষি কর্মকর্তা (SAAO), কমিউনিটি এক্সটেনশন এজেন্ট ফর লাইভস্টক (CEAL) এবং অন্যান্যদের সাথে ইউনিয়ন সম্প্রসারণ ফ্যাসিলিটেশন (UEFT) টিমের সদস্য হিসেবে কাজ করবেন।

৫. সিআইজি প্রশিক্ষণ, মৎস্যচাষ প্রদর্শনী স্থাপন ও চাষিদের অভিজ্ঞতা বিনিময় সফরসহ মাঠ পর্যায়ে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে উপজেলা মৎস্য দপ্তরকে লিফগণ সহায়তা প্রদান করবেন।

৬. স্থানীয় পর্যায়ে মৎস্যচাষে কারিগরি ও ব্যবস্থাপনা সংক্রান্ত সমস্যাদি প্রয়োজনে উপজেলা মৎস্য কার্যালয়ের গোচরে আনবেন এবং সম্ভাব্য সমাধানের পন্থা জেনে নিয়ে মাঠ পর্যায়ে পৌঁছে দেবেন।

৭. মৎস্যচাষিদের চাহিদা ও সামর্থ্যের ভিত্তিতে বার্ষিক মৎস্যচাষ কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, তথ্য সংগ্রহ রেকর্ড বই-এ লিপিবদ্ধকরণ ইত্যাদিতে প্রত্যক্ষ/পরোক্ষ ভূমিকা পালন করবেন।

৮. প্রতিদিনকার পরামর্শ, উপদেশ ও অন্যান্য কর্মকান্ড রেজিষ্ট্রারে লিপিবদ্ধ করবেন, প্রযোজ্য প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রণয়ন ও যথাস্থানে প্রেরণ করবেন।

৯. সংশ্লিষ্ট উপজেলা মৎস্য কার্যালয় কর্তৃক নির্ধারিত অন্যান্য দায়িত্ব পালন করবেন এবং দায়িত্ব সম্পাদনের জন্য সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার নিকট দায়বদ্ধ থাকবেন।

১০. লিফ ভিন্ন ভিন্ন সেক্টরে কর্মরত সম্প্রসারণ কর্মীর সাথে যোগাযোগ রক্ষা করবেন।

লিফ মনোনীত হতে আগ্রহী ব্যক্তিদেরকে আগামী ------------------- তারিখের মধ্যে জীবন বৃত্তান্তসহ আবেদনপত্র নিম্নসাক্ষরকারীর দপ্তরে জমা প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা
-----------------------------------

পত্র নং-

তারিখ:

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. জেলা মৎস্য কর্মকর্তা, ........................................... ।

২. উপজেলা নির্বাহী অফিসার, ...................................... ।

৩. উপজেলা কৃষি কর্মকর্তা, ........................................ ।

৪. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, .................................. ।

৫. চেয়ারম্যান,........................... ইউনিয়ন পরিষদ (সকল)।

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা
-----------------------------------

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

পত্র নং-৩৩.০২.০০০০.৯২০.১০.০২৬.১৬-৩৯ তারিখঃ ২৩/১১/২০১৬ খ্রিঃ

বিষয়: সিআইজি এলাকা ও সদস্য নির্বাচন, সিআইজি গঠনের ধাপ ও শর্তাবলী এবং সিআইজিদের ব্যাংক হিসাব খোলা প্রসংগে।

আপনারা ইতোমধ্যে অবগত হয়েছেন যে, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)-এর কার্যক্রম শুরু হয়েছে এবং সে আলোকে আশা করি আপনারা লিফ মনোনয়নের কার্যক্রম সমাপ্ত করেছেন। এনএটিপি-২ প্রকল্পের বাস্তবায়নের সফলতা অনেকাংশে নির্ভর করে সঠিক চাষি নির্বাচন ও দল গঠনের ওপর। মাঠ পর্যায়ে প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য জরুরী ভিত্তিতে সিআইজি (কমন ইন্টারেস্ট গ্রুপ) গঠন করা প্রয়োজন। এনএটিপি-২ প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের নিমিত্ত যথাযথভাবে মৎস্যচাষিদের সিআইজিতে অন্তর্ভূক্ত করা অত্যন্ত জরুরী। এ লক্ষ্যে সিআইজি গঠনের জন্য সদস্য/গ্রুপ নির্বাচনের শর্তাবলী ও ধাপসমূহ (যেমন: ইউনিয়নের প্রধান তথ্যসমূহ সংগ্রহ, সম্ভাব্য সিআইজি এলাকা নির্বাচন, সাধারণ সভা, প্রাথমিকভাবে নির্বাচিত সদস্যদের সম্পদের বিবরণী পর্যালোচনা, সিআইজি চাষিদের তালিকা চুড়ান্তকরন, সিআইজি নির্বাহী কমিটি গঠন ইত্যাদি) এবং সিআইজির গঠনতন্ত্র এতদসংগে সংযুক্ত করা হলো।

প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সিআইজি'র ব্যাংক হিসাব খোলা খুবই গুরুত্বপূর্ণ। এনএটিপি-২ প্রকল্পের প্রশিক্ষণ/কর্মশালার ভাতাদি ও অনুরূপ অর্থ নগদ হস্তান্তরযোগ্য নয় বিধায় অয়ার ট্রান্সফারের মাধ্যমে স্থানান্তর করতে হবে। প্রত্যেক সিআইজি'র আবশ্যিকভাবে ব্যাংক একাউন্ট থাকতে হবে। যে সকল সিআইজি'র ব্যাংক একাউন্ট থাকবে না তাদেরকে প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রমে অন্তর্ভূক্ত করা যাবে না। এছাড়া প্রকল্পের আওতায় এগ্রিকালচারাল ইনোভেশন তহবিলের অনুদান প্রাপ্তি সিআইজি'র যোগ্যতা তথা সঞ্চয়ের ওপর নির্ভর করে বিধায় সিআইজি ব্যাংক হিসাব খোলা ও সঞ্চয় কার্যক্রম পরিচালনা করা আবশ্যক। সে কারনে সিআইজির ব্যাংক একাউন্ট খোলা এবং নিয়মিত সঞ্চয় সংগ্রহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

এমতাবস্থায়, উল্লেখিত নির্দেশনা মোতাবেক জরুরী ভিত্তিতে সিআইজি গঠন ও ব্যাংক হিসাব খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক তথ্যাদি সংযুক্ত ছক মোতাবেক আগামী ২০/১২/২০১৬ খ্রিস্টাব্দের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

২৩/১১/১৬

(খঃ মাহবুবুল হক)
পরিচালক
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
টেলিফোনঃ ০২-৯৫৬১৬৮৫
ই-মেইলঃ kmahbubh252@yahoo.com

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা

..............................

পত্র নং-৩৩.০২.০০০০.৯২০.১০.০২৬.১৬-৩৯ তারিখঃ২৩/১১/২০১৬ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা।
২. প্রকল্প পরিচালক, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), বিএআরসি চত্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
৩. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ........................ বিভাগ,......................।
৪. জেলা মৎস্য কর্মকর্তা,......................................।
৫. সংশ্লিষ্ট নথি।

২৩/১১/২০১৬

পরিচালক
প্রকল্প বাস্তবায়ন ইউনিট

## কমন ইন্টারেস্ট গ্রুপ (সিআইজি) গঠন

সিআইজি গঠন

আর্থসামাজিক অবস্থা ও প্রধান জীবন-জীবিকা প্রায় একই এবং একই পাড়া/মহল্লা/গ্রাম/এলাকায় অবস্থান করেন এরকরম ২০ (বিশ) জন সদস্য/মাছচাষি/মৎস্যজীবিদের নিয়ে সিআইজি (CIG) গঠিত হবে যা সমবায় অধিদপ্তরের মাধ্যমে নিবন্ধিত হবে। ক্ষুদ্র বা প্রান্তিকচাষি এবং নারীদের অংশগ্রহণকে প্রাধান্য দিয়ে এবং তাদের প্রধান জীবিকাকে কেন্দ্র করেই সিআইজির উন্নয়ন ও ক্ষমতায়ন নিশ্চিত করা হবে। ইউনিয়ন এক্সটেনশন ফ্যাসিলিটেশন টিম (ইউইএফটি) সিআইজি গঠন ও এর কর্মকান্ড গতিশীল করা এবং সম্প্রসারণ কর্মকান্ডে পরিকল্পনা প্রণয়ন, বাজেট বাস্তবায়ন ও মনিটরিং এ গুরুত্বপূর্ন ভূমিকা পালন করবে।

প্রতিটি ইউনিয়নে ০২ (দুই) টি সিআইজি এবং প্রতিটি সিআইজিতে ২০(বিশ) জন সদস্য থাকবে। সিআইজি সদস্যদের মধ্যে কমপক্ষে ৮০% ক্ষুদ্র ও প্রান্তিকচাষি থাকবে এবং গড়ে প্রতি উপজেলায় ন্যূনতম শতকরা ৩৫% মহিলা সদস্যের অন্তর্ভূক্তি নিশ্চিত করতে হবে।

### সিআইজি (কমন ইন্টারেস্ট গ্রুপ) সদস্য নির্বাচনের শর্তাবলীঃ

- ✓ নির্বাচিত সদস্যকে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে;
- ✓ নির্বাচিত সদস্যদের নিজস্ব পুকুর/জলাশয় থাকতে হবে;
- ✓ নারী বা পুরুষ উভয়কেই সিআইজি'র সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করা যাবে;
- ✓ নির্বাচিত সিআইজি সদস্যের বয়স ন্যূনতম ১৮ (আঠার) বছর হতে হবে;
- ✓ একই পরিবারের একাধিক ব্যক্তি সিআইজি'র সদস্য হিসেবে অন্তর্ভূক্ত হতে পারবে না; এবং
- ✓ সিআইজি'র সদস্য হিসেবে ক্ষুদ্র ও প্রান্তিক চাষিকে অগ্রাধিকার দিতে হবে।

### সিআইজি (কমন ইন্টারেস্ট গ্রুপ) গঠনের শর্তাবলীঃ

- ✓ একই পাড়া/মহল্লা/গ্রাম/এলাকার ২০ (বিশ) জন মাছচাষি/মৎস্যজীবিদের নিয়ে সিআইজি (CIG) গঠিত হবে;
- ✓ ইউইএফটি এর সহায়তায় সংশ্লিষ্ট ইউনিয়নের মৎস্যচাষিদের নিয়ে সিআইজি গঠন করতে হবে;
- ✓ ন্যূনতম শতকরা ৮০ (আশি) ভাগ ক্ষুদ্র ও প্রান্তিক মৎস্যচাষিদের নিয়ে প্রতিটি সিআইজি গঠিত হবে;
- ✓ সিআইজিভূক্ত সকল সদস্যের পুকুর/জলাশয় থাকতে হবে, একটি গ্রুপের একটি জলাশয় থাকলেও হবে, ইজারা পুকুর নেয়া যাবে;
- ✓ প্রকল্পে অন্তর্ভূক্ত প্রতিটি ইউনিয়নে ০২ (দুই) টি সিআইজি গঠন করতে হবে;
- ✓ প্রতিটি উপজেলায় গঠিত সিআইজি'র মোট সদস্যের মধ্যে নূন্যতম ৩৫% মহিলা সদস্যের অন্তর্ভূক্তি নিশ্চিত করতে হবে;
- ✓ একই সিআইজিতে নারী ও পুরুষ উভয় সদস্য অন্তর্ভূক্ত করা যাবে;
- ✓ সিআইজি'র কোন সদস্য প্রকল্পের অন্য কোন কম্পোনেন্ট এর আওতায় গঠিত সিআইজি'র সদস্য হতে পারবে না;
- ✓ ১৮ (আঠার) বছরের কমবয়সী এবং একই পরিবারের একাধিক ব্যক্তি সিআইজি'র সদস্য হিসেবে অন্তর্ভূক্ত হতে পারবে না; এবং
- ✓ যে এলাকায় পুকুর/মাছচাষের কার্যক্রম বেশী ও সম্ভাবনাময় সে এলাকাকে দল গঠনে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

### সিআইজি গঠনে বিভিন্ন ধাপঃ

সিআইজি গঠনের জন্য বেইজলাইন সার্ভের মাধ্যমে মৎস্যচাষিদের সম্পদের পরিমান, মৎস্যচাষের ধরন, প্রাকৃতিক দূর্যোগ, প্রাতিষ্ঠানিক ও সরকারি সুযোগ-সুবিধাসমূহ চিহ্নিত করতে হবে। সংশ্লিষ্ট ইউনিয়ন পর্যায়ে কৃষক তথ্য ও পরামর্শ কেন্দ্র (FIAC) এর মাধ্যমে সকল সিআইজি সংক্রান্ত কর্মকান্ড পরিচালিত হবে। সেজন্য প্রথমত: ইউনিয়নের সম্পদ ও সুযোগ-সুবিধাদি চিহ্নিতকরণে PRA কিংবা অন্যান্য গ্রহণযোগ্য কৌশল অবলম্বন করতে হবে। সিআইজি গঠনে প্রধান ধাপসমূহ নিম্নরূপ:

#### ধাপ-১: ইউনিয়নের প্রধান তথ্যসমূহ সংগ্রহ

উৎপাদন কর্মকান্ড পরিকল্পনা ও সিদ্ধান্ত গ্রহনে প্রকল্পভূক্ত ইউনিয়নে সহজ ও অংশগ্রহণমূলক বেজলাইন সার্ভে এবং গ্রামীন সমীক্ষার মাধ্যমে মৎস্যচাষির তথ্য ও চাহিদা নিরুপণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়নে মৎস্যচাষির সম্পদের তথ্য সংগ্রহ করতে হবে। এক্ষেত্রে, স্থানীয় বিষয় বিবেচনা করে PRA এর লাগসই কৌশল যেমন- সোশাল ম্যাপিং, পরিভ্রমন, সমস্যা নিরূপণ ইত্যাদি প্রয়োগ করে চাষীদের তথ্য সংগ্রহ ও চাহিদা নিরূপণ করতে হবে। উপজেলা মৎস্য দপ্তরের সহকারী মৎস্য কর্মকর্তা/ক্ষেত্রসহকারী স্থানীয় লিফ-এর সহায়তায় PRA এর মাধ্যমে তথ্য সংগ্রহ করে ছক মোতাবেক কম্পিউটারে লিপিবদ্ধ ও সংরক্ষণ করে চাহিদা মাফিক প্রকল্প দপ্তরে প্রেরণ করবেন। উপজেলা রিসোর্স টিম(URT) এ কাজের সার্বিক তত্ত্বাবধান করবেন।

AS

ধাপ-২: সম্ভাব্য সিআইজি এলাকা নির্বাচন

মৎস্যচাষি/মৎস্যজীবিদের সাথে ব্যক্তিগত যোগাযোগ কিংবা দলগত আলোচনার মাধ্যমে সহকারী মৎস্য কর্মকর্তা/ক্ষেত্রসহকারী/লিফ সিআইজি গঠনের জন্য এলাকা চিহ্নিত করবেন এবং সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা প্রস্তাবিত সিআইজি এলাকা পর্যালোচনাপূর্বক ইউইসিসি (Upazila Extension Coordination Committee- UECC) এর মাধ্যমে অনুমোদন ও চূড়ান্ত করবেন।

যা করতে হবে:

| ক্রমিক | কার্যক্রম | পদ্ধতি | দায়িত্ব পালনকারী | Back-stopping |
|---|---|---|---|---|
| ১ | সংগৃহীত তথ্য-উপাত্ত বিশ্লেষন করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী সভা। | মুক্ত আলোচনা | AFO/FA/LEAF | উপজেলা রিসোর্স টিম |
| ২ | সংগৃহীত তথ্য-উপাত্ত ও অন্যান্য বিষয় বিবেচনায় নিয়ে সিআইজি এলাকা নির্ধারণ করা। | মুক্ত আলোচনা | AFO/FA/LEAF | উপজেলা রিসোর্স টিম |
| ৩ | কর্মকর্তা/কর্মচারী সংশ্লিষ্ট এলাকা/পাড়া/মহল্লায় তথ্যসমূহের সঠিকতা যাচাই, প্রয়োজনে স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে পরামর্শ। | পরিদর্শন/স্থানীয় যোগাযোগ | AFO/FA/LEAF | উপজেলা রিসোর্স টিম |
| ৪ | মাঠ পর্যায়ে সিআইজি গঠন। | মুক্ত আলোচনা/সভা | AFO/FA/LEAF | উপজেলা রিসোর্স টিম |

ধাপ-৩: সাধারণ সভা

প্রাথমিকভাবে সিআইজি এলাকা চিহ্নিত হওয়ার পর সহকারী মৎস্য কর্মকর্তা/ ক্ষেত্র সহকারী/লিফ প্রকল্পের লক্ষ্য - উদ্দেশ্য এবং সিআইজি সদস্যদের করণীয় বিষয়ে সদস্যবৃন্দকে সম্যক ধারণা প্রদান করবেন। কৃষক তথ্য ও পরামর্শ কেন্দ্রে (FIAC) কিংবা ইউনিয়ন পরিষদে অথবা অন্য কোন সুবিধাজনক স্থানে প্রতিটি সম্ভাব্য সিআইজির সদস্যদের নিয়ে আলাদাভাবে সাধারণ সভা করবেন।

যা করতে হবে:

| ক্রমিক | কার্যক্রম | পদ্ধতি | দায়িত্ব পালনকারী | Back-stopping |
|---|---|---|---|---|
| ১ | কর্মকর্তা/কর্মচারী নির্বাচিত বিভিন্ন এলাকার স্থানীয় চাষিদের আমন্ত্রন জানাবেন। এক্ষেত্রে সম্ভাব্য সকল মৎস্যচাষিদের উপস্থিতি নিশ্চিত করা এবং সভায় সকলের মতামত প্রদান করার সুযোগ প্রদান। | গণযোগাযোগ অথবা স্থানীয় নেতা/জনপ্রতিনিধির সহায়তায় | AFO/FA/LEAF | উপজেলা রিসোর্স টিম |
| ২ | প্রকল্পের লক্ষ্য-উদ্দেশ্য, সুবিধা এবং সকলের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সিআইজি মৎস্যচাষিদের অবহিত করা। | মুক্ত আলোচনা | AFO/FA/LEAF | উপজেলা রিসোর্স টিম |
| ৩ | প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে মৎস্যচাষিদের মাঝে সম্যক ধারণা তৈরী (প্রয়োজনে একাধিক সভার আয়োজন)। | সমাপনী অধিবেশন | AFO/FA/LEAF | উপজেলা রিসোর্স টিম |
| ৪ | প্রাথমিকভাবে মনোনীত ৩০-৪০ জন মৎস্যচাষিদের মধ্য হতে ২০ জনের খসড়া তালিকা প্রণয়ন। | মতামত/নির্বাচন | AFO/FA/LEAF | উপজেলা রিসোর্স টিম |
| ৫ | ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষনা। | অংশগ্রহণমূলক | AFO/FA/LEAF | উপজেলা রিসোর্স টিম |

ধাপ-৪: প্রাথমিকভাবে নির্বাচিত সদস্যদের সম্পদের বিবরণী পর্যালোচনা:

সিআইজি সদস্যদের সাথে নিয়ে সহকারী মৎস্য কর্মকর্তা/ক্ষেত্রসহকারী লিফ-এর সহায়তায় পর্যালোচনার মাধ্যমে পুনরায় প্রাপ্ত তথ্যসমূহের সঠিকতা যাচাই করবেন। সংগৃহীত সম্পদ বিবরণীর তথ্যাদি অত্যন্ত সতর্কতার সাথে পর্যালোচনা করতে হবে যাতে করে ইউএফটি/ইউআরটি এ সকল তথ্যসমূহ পরবর্তিতে ব্যবহার করতে পারেন।

যা করতে হবে:

| ক্রমিক | কার্যক্রম | পদ্ধতি | দায়িত্ব পালনকারী | Back-stopping |
|---|---|---|---|---|
| ১ | প্রাপ্ত তথ্যাদি ভালভাবে অনুশীলন এবং সেগুলো সংরক্ষণ। | অনুশীলন ও আলোচনা | AFO/FA/LEAF | উপজেলা রিসোর্স টিম |
| ২ | গুরুত্বপূর্ন বিষয়সমুহ অনুসন্ধান ও সনাক্তকরণ। | অনুশীলন ও আলোচনা | AFO/FA/LEAF | উপজেলা রিসোর্স টিম |
| ৩ | গ্রাম নির্বাচন ও সেগুলির নম্বর দেয়া। | ব্যক্তিগত যোগাযোগ | AFO/FA/LEAF | উপজেলা রিসোর্স টিম |
| ৪ | পুনরায় তথ্যাদি পর্যালোচনা এবং সিআইজি'র তথ্যসমূহ ইউআরটি'র জন্য সংরক্ষণ। | আলোচনা করা (Sharing) | AFO/FA/LEAF | উপজেলা রিসোর্স টিম |

ধাপ-৫: সিআইজি চাষিদের তালিকা চূড়ান্তকরন

ইউইএফটি প্রাপ্ত তথ্যাদি বিবেচনায় নিয়ে ২০ সদস্য বিশিষ্ট সিআইজি চূড়ান্ত করবেন। আগ্রহী মাছ চাষি এবং যাদের মৎস্য সম্প্রসারণ সেবা গ্রহণে ও প্রদানে ব্যাপক উৎসাহ রয়েছে শুধুমাত্র তারাই সিআইজি সদস্য হিসাবে চূড়ান্ত মনোনয়ন পাবেন। সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা সিআইজি গঠন পর্যালোচনা ও চূড়ান্ত করবেন এবং চূড়ান্ত পর্যায়ে ইউইসিসি'র অনুমোদন নিবেন।

যা করতে হবে:

| ক্রমিক | কার্যক্রম | পদ্ধতি | দায়িত্ব পালনকারী | Back-stopping |
|---|---|---|---|---|
| ১ | প্রতিটি গ্রাম/পাড়া/মহল্লায় সভার আয়োজন এবং এ বিষয়ে ০৭ দিন পূর্বে নোটিশ প্রদান। | স্থানীয় নেতাদের মাধ্যমে যোগাযোগ স্থাপন | AFO/FA/LEAF | উপজেলা রিসোর্স টিম |
| ২ | মনোনিত চাষিদের মাঝে তাদের সম্পদ নিয়ে অংশগ্রহণমূলক আলোচনা। | মুক্ত আলোচনা | AFO/FA/LEAF | উপজেলা রিসোর্স টিম |
| ৩ | স্থানীয় নেতা/জনপ্রতিনিধিদের মাধ্যমে চূড়ান্তভাবে সিআইজি সদস্যের তালিকা ঘোষণা। | মুক্ত ঘোষণা | AFO/FA/LEAF | উপজেলা রিসোর্স টিম |
| ৪ | ইউনিয়ন পরিষদ/ফিয়াক-এ সিআইজি সদস্যদের অনুমোদিত তালিকা প্রদর্শন | নোটিশ বোর্ড | AFO/FA/LEAF | উপজেলা রিসোর্স টিম |

ধাপ-৬: সিআইজি নির্বাহী কমিটি গঠন

সাধারণ সভায় সিআইজির সার্বিক ব্যবস্থাপনার প্রয়োজনে গোপন ভোট অথবা মুক্ত আলোচনার মাধ্যমে সমবায় মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত গঠনতন্ত্র অনুযায়ী ০৯ (নয়) সদস্য বিশিষ্ট একটি নির্বাহি কমিটি গঠন করতে হবে।

১. সভাপতি : ০১ (এক) জন
২. সহ-সভাপতি : ০১ (এক) জন
৩. সম্পাদক : ০১ (এক) জন
৪. ট্রেজারার : ০১ (এক) জন
৫. সদস্য : ০৫ (পাঁচ) জন

সিআইজি কৃষিভিত্তিক, উৎপাদনমুখী, অরাজনৈতিক সংগঠন যা সমবায় অধিদপ্তর কর্তৃক অনুমোদিত এবং সমবায়ের উপ-আইন দ্বারা পরিচালিত হবে। উপ-আইনে সংশ্লিষ্ট সিআইজি'র সাংগঠনিক কাঠামো, অফিস পরিচালনা পদ্ধতি, আর্থিক ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে ব্যাখ্যা রয়েছে।

<u>সিআইজি'র কার্যাবলী:</u>

এনএটিপি-২ প্রকল্প পূর্বে এনএটিপি-১ প্রকল্পভূক্ত ১০৭ টি উপজেলায় সিআইজি কার্যক্রম জোরদার করবে এবং ১৬৩ টি নতুন উপজেলায় প্রকল্পের কার্যক্রম নতুনভাবে বাস্তবায়ন করবে। এনএটিপি-২ শুধুমাত্র সিআইজি ভূক্ত চাষি নয়, সিআইজি বহির্ভূত চাষিদের মাঝেও মৎস্য সম্প্রসারণ সেবা ছড়িয়ে দেবে এবং উৎপাদক সংস্থা (Pruducers' Organization-PO) তৈরিতে মূখ্য ভূমিকা পালন করবে। সিআইজি সংশ্লিষ্ট এলাকায় মৎস্যচাষে রোল মডেল হিসেবে দায়িত্ব পালন করবে।

এছাড়াও, সিআইজি'র দায়িত্বসমূহ নিম্নরুপ:

- ✓ দল ব্যবস্থাপনা ও নিবন্ধন করা;
- ✓ নিয়মিতভাবে সিআইজি সভা করা এবং মৎস্য উৎপাদন, মৎস্য বাজারজাতকরণ ও অন্যান্য প্রয়োজনীয় কারিগরী বিষয়ে সমস্যা চিহ্নিত করা;
- ✓ সহনশীল উৎপাদন পরিকল্পনা, প্রদর্শনী, প্রশিক্ষণ, বাজারজাতকরণ ইত্যাদি বিষয় বিবেচনা নিয়ে সিআইজি এক্সটেনশন মাইক্রোপ্লান প্রণয়ন ও বাস্তবায়ন করা;
- ✓ নতুন কিংবা উন্নত প্রযুক্তি গ্রহণ করা এবং আহরণপূর্ব ও আহোরণোত্তর পর্যায়ে প্রযুক্তিসমূহ সিআইজি বহির্ভূত চাষিদের মাঝে ছড়িয়ে দেয়ায় ভূমিকা পালন;
- ✓ সিআইজি তহবিল গঠন এবং তার লাভজনক ব্যবহার করা; এবং
- ✓ উৎপাদক সংস্থা গঠনে সহায়তা করা এবং উপজেলা, জেলা ও অন্যান্য সুপারমার্কেট পর্যায়ে মৎস্য ও মৎস্যজাত পণ্যের বাজার সৃষ্টি করা ইত্যাদি।

AS

সিআইজির ব্যাংক হিসাব খোলা ও সঞ্চয় সংগ্রহ:

প্রত্যেক সিআইজি সমবায় অধিদপ্তরের আওতায় নিবন্ধিত হবে। নিবন্ধনের জন্য প্রয়োজনীয় উপ-আইন অনুসরণ করে স্থানীয় সমবায় অফিসের মাধ্যমে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের জন্য সিআইজি'র ব্যাংক হিসাব খোলা অত্যাবশ্যক। এনএটিপি-২ প্রকল্পের প্রশিক্ষণ/কর্মশালার ভাতাদি ও অন্যান্য অনুরূপ অর্থ নগদ হস্তান্তরযোগ্য নয় এবং তা অয়ার ট্রান্সফারের মাধ্যমে ব্যাংক হিসাবে স্থানান্তর করা হবে বিধায় প্রত্যেক সিআইজির আবশ্যিকভাবে ব্যাংক একাউন্ট থাকতে হবে। এছাড়া প্রকল্পের আওতায় এগ্রিকালচারাল ইনোভেশন তহবিলের অনুদান প্রাপ্তি সিআইজি'র যোগ্যতা তথা সঞ্চয়ের ওপর নির্ভর করে বিধায় প্রত্যেক সিআইজি'র ব্যাংক হিসাব খোলা ও সঞ্চয় কার্যক্রম পরিচালনা করা আবশ্যক। যে সকল সিআইজি'র ব্যাংক একাউন্ট থাকবে না তাদেরকে প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রমে অন্তর্ভূক্ত করা যাবে না।

সিআইজি গঠনের জন্য ব্যয় বিভাজন:

প্রতিটি সিআইজি গঠনের জন্য ২০০০/- টাকা বরাদ্দ দেয়া হবে। বরাদ্দকৃত অর্থের সম্ভাব্য ব্যয় বিভাজন নিম্নরূপ:

| ক্রমিক | বিবরণ | হার | পরিমান/সংখ্যা | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১ | সাধারণ সভার জন্য চা-নাস্তা (একবার) | ৪০/- | ৪০ জন | ১৬০০/- |
| ২ | বিবিধ (কাগজ, মার্কার ইত্যাদি) | থোক | থোক | ৪০০/- |
| মোট | | | | ২০০০/- |

বি:দ্র: চাষির উপস্থিতি ৪০ জনের কম হলে অব্যয়িত অর্থ বিবিধ খাতে ব্যয় করা যাবে।

যে সকল তথ্য উপজেলা মৎস্য দপ্তর/লিফের নিকট আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে:

১. বেইজ লাইন তথ্য (সাধারণ সভায় উপস্থিত সকল চাষিসহ এলাকার অন্যান্য মাছচাষি/পুকুর-জলাশয়ের);
২. সাধারণ সভায় চাষিদের উপস্থিতির বিবরণী;
৩. ২০ (বিশ) জন চাষির সম্পদের বিবরণী;
৪. Upazila Extension Coordination Committee (UECC)-এর অনুমোদন ও অনুমোদিত চাষির তালিকা;
৫. বিল-ভাউচার;
৬.ব্যানারসহ ছবি (সকল সিআইজি গঠনের জন্য একই ব্যানার আংশিক পরিবর্তন করে ব্যবহার করা যাবে)।

সিআইজি গঠন সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত ঠিকানাসমূহে যোগাযোগ করা যেতে পারে:

| ক্রমিক | নাম ও পদবী | ফোন | মোবাইল | ই-মেইল |
|---|---|---|---|---|
| ১ | মো: মোজাম্মেল হক<br>সিনিয়র সহকারী পরিচালক, এনএটিপি-২ | ০২-৯৫১৩৬১৬ | ০১৭১১০১৩৭৮৬ | mozammeldof@yahoo.com |
| ২ | এস. এম. মনিরুজ্জামান<br>সিনিয়র সহকারী পরিচালক, এনএটিপি-২ | ০২-৯৫১৩৬১৬ | ০১৭১৫৩৮৪৮৬১ | monidof@yahoo.com |
| ৩ | মোহাম্মদ শাহজাহান কবীর<br>সহকারী পরিচালক, এনএটিপি-২ | ০২-৯৫১৩৬১৬ | ০১৭১২০৪৩২৭৩ | skabirbau2005@gmail.com |
| ৪ | শেখ মনিরুল ইসলাম মনি<br>সহকারী পরিচালক, এনএটিপি-২ | ০২-৯৫১৩৬১৬ | ০১৭১৮৪২১১২৯ | sheikh_monir2000@yahoo.com |
| ৫ | মোহাম্মদ আজিবুর রহমান<br>সহকারী পরিচালক, এনএটিপি-২ | ০২-৯৫১৩৬১৬ | ০১৭২৭৫৭০২৬০ | azibur77@yahoo.com |
| ৬ | মোছা: নাসিমা সুলতানা<br>সহকারী পরিচালক, এনএটিপি-২ | ০২-৯৫১৩৬১৬ | ০১৭২৬৭৪০৪৪৩ | nasimasultanapopy@gmail.com |